গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ভবন, তেজগাঁও
ঢাকা-১২০৮।
☎ ০২-৮৮৭৯২৯৯
Website: rhd.portal.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.১৬.০০১.২৩-৩৭৬ তারিখ: ০২/১০/২০২৩ খ্রিঃ

বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তর এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত সেপ্টেম্বর/ ২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সম্মান সহকারে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তর এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত সেপ্টেম্বর/ ২০২৩ মাসের প্রতিবেদন সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সেপ্টেম্বর/ ২০২৩ মাসের প্রতিবেদন ১ (এক) প্রস্থে।

০২/১০/২০২৩
সৈয়দ মঈনুল হাসান
পরিচিতি নং-০০১০৪৮
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

১। যুগ্ম সচিব, এমআরটি অধিশাখা ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, জিআরএস, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। RHD Website-এর GRS বাতায়নে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

# অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন

সংস্থার নামঃ সড়ক ও জনপথ অধিদপ্তর
মাসের নামঃ সেপ্টেম্বর, ২০২৩

| বিবেচ্য মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | | পূর্ববর্তী মাসের জের | মোট অভিযোগ (১+২+৩+৪) | অন্য দপ্তরে প্রেরিত | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগ | চলমান অভিযোগ | | অভিযোগ নিষ্পত্তির হার (নিষ্পত্তিকৃত X ১০০/ (মোট নিষ্পত্তিযোগ্য অভিযোগ)) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ওয়েব সাইটের মাধ্যমে | প্রচলিত পদ্ধতিতে | স্বপ্রণোদিতভাবে গৃহীত | | | | | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি | নির্ধারিত সময় অতিক্রান্ত হয়েছে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১৩ | ০ | ০ | ০০ | ১৩ | ০৮ | ০৫ | ০০ | ০০ | =(০৫/০৫)*১০০<br>=১০০.০০% |

- নিষ্পত্তিযোগ্য অভিযোগ = মোট অভিযোগ (কলাম ৫) – [নির্ধারিত সময় অতিক্রান্ত হয়নি এমন চলমান অভিযোগ (কলাম ৮) + অন্য দপ্তরে প্রেরিত (কলাম ৬)]

  = ১৩ - ( ০০ + ৮ )

  = ১৩-০৮ = ০৫

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ জাহাংগীর আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

সৈয়দ মঈনুল হাসান
প্রধান প্রকৌশলী(চলতি দায়িত্ব)
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

# মাসিক অভিযোগ নিষ্পত্তির তালিকাঃ সেপ্টেম্বর/২০২৩

| মাস ও তারিখ | অভিযোগের সংখ্যা | | | মোট | অভিযোগের ধরণ | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত | অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে | | | | সওজ | বিআরটিএ | BRTC | DTCA | |
| ৩১/০৮/২০২৩ | | | | | বরাবর,<br>যথাযথ কর্তৃপক্ষ,<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা।<br><br>বিষয়: স্থানীয় প্রভাবশালীর দৈরাত্ম থেকে সড়ক রক্ষা প্রসঙ্গে।<br><br>জনাব, আমরা ওয়ার্ড নং-০৩, গঙ্গাপুর,রামনাথপুর টু বানদত্ত-নলুয়া সংযোগ সড়ক,রামনাথপুর, উপ: কবিরহাট, জেলা:নোয়াখালী-৩৮০৬ এলাকার বাসিন্দা।<br>অত্যন্ত দু:খের সহিত জানানো যাচ্ছে যে,মাননীয় সড়ক ও সেতু মন্ত্রী মহোদয়ের নির্বাচনী এলাকায় এই সড়কের অবস্থান। সড়কের সাথে সংযোগ সড়কের মাত্র ০.৫ কি.মি. রাস্তা পাকা করার বাকি ছিল। এই রাস্তাটি কাঁচা হলেও এতোদিন মানুষ যাতায়াতের উপযুক্ত ছিল। কিন্তু সম্প্রতি স্থানীয় এক প্রভাবশালী উক্ত রাস্তার পাশে প্রায় ০১ একর জায়গা নিয়ে মুরগির পোল্ট্রি ফার্ম দিয়ে রাস্তার বেহাল দশা করে ফেলেছে। এ রাস্তাটি দিনে হাজার হাজার ছাত্র-ছাত্রী সহ অনেকে স্কুল কলেজ ও অন্যান্য উদ্দেশ্যে যাতায়াত করে। প্রভাবশালী বসায়ীর মুরগির গাড়ী, পিক আপ, ভ্যান,টলি, ইটের গাড়ি বা ট্রাকের তাকলে চারাস্তা পিষ্ট হয়ে রাস্তাটি এমন অবস্থায় পনীত হয়েছে যে, মানুষ এখন তা হাটা চলার উপযুক্ততা হারিয়েছে। তাকে এ বিষয়ে জ্ঞাসাবাদ করলে অনেকেই হুমকির সম্মুখীন হয়েছে। শুধু তা নয় স্থাণীয় ইউপি মেম্বার ( ৩ং ওয়ার্ড) জনাব আজিজুল হক ক্বারী তাকে অনুরোধ করলেও কোন কাজ হয়নি। এমতাবস্তায় এমন স্বৈরাচার ও প্রভাবশালীর দখল থেকে সরকারি সম্পত্তি পুনরুদ্ধারের জন্য কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করছি এবং তা করে এ অঞ্চলের মানুষের দুর্ভোগ দুর করার জন্য মহোদয় সমীপে বিনীত অনুরোধ করছি।<br>স্থানীয় প্রভাবশালীর নাম: জনাব মেজবাহ উদ্দিন জন।মোবাইল নম্বর= 01886832996<br><br>প্রযত্নে: ডা: সানাউল্লার বাড়ী, কান্দিরপাড়, ঈদগা, বড় রামদেবপুর, | | | | | | উপর্যুক্ত বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ নোয়াখালী লিখিতভাবে জানিয়েছেন যে, উপরে উল্লেখিত ওয়ার্ড নং-০৩, গঙ্গাপুর, রামনাথপুর টু বানদত্ত-নলুয়া সংযোগ সড়ক, রামনাথপুর, উপ: কবিরহাট, জেলা: নোয়াখালী-৩৮০৬ এলাকার সডকটি সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন নয়। |

| | মাস ও তারিখ | অভিযোগের সংখ্যা | | | মোট | অভিযোগের ধরণ | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত | অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে | | | | সওজ | বিআরটিএ | BRTC | DTCA | |
| | | | | | | পো: বানদত্ত বাজার, উপ: কবিরহাট, জেলা: নোয়াখালী-৩৮০৬। (আইডি-১১৫৬১) | | | | | | |
| | ১৪/০৯/২০২৩ | | | | | স্যার,<br>পঞ্চগড় থেকে বাংলাবান্ধা নতুন রাস্তা তৈরা করা হচ্ছে। এই রাস্তাটা নতুন ভাবে মেরামত করার কোনো প্রয়োজন ছিল না। এই রাস্তা নিয়ে আমরা পঞ্চগড় বাসি, এবং পঞ্চগড় থেকে বাংলাবান্ধা বাসি অনেক ভোগান্তিতে আছি।। আগের রাস্তা টা অনেক সুন্দর ছিল।। পঞ্চহড় Asian highway এখন মৃত্যু ফাঁদ নামে পরিচিত। স্যার যে রাস্তায় প্রতিদিন দুর্ঘটনা ঘটছে, অনেক মানুষ আহত হচ্ছে, অনেকের যানবাহন এর অনেক ক্ষতি হচ্ছে এই রাস্তাটাই কিভাবে ইন্টারনেশনাল রাস্তা হয়?? আমরা পঞ্চগড় বাসি খুবি বিপদে আছি এই রাস্তা নিয়ে। এই রাস্তা টা এভাবেই দিনাজপুর, রংপুর পর্যন্ত হবে শুনেছি। স্যার একবার জনগনের কথা ভেবে অন্তত রাস্তার কাজ টা বন্ধ করুন। আগে যেই গাড়ির টায়ার এর মেয়াদ থাকত ১০ বছর এখন সেটা ২ বছর চলে না।। একটু সাইকেল থেকে পরে গেলেই হাত পা একদম ছিলে ভয়াবহ একটা অবস্থা হয়ে যায়। বাস ট্রাক এমনকি সকল যানবাহন চলাচলে অনুপযুক্তি হয় পরছে আমাদের এই রাস্তা। স্যার আগের রাস্তা টা একদমি ভালো ছিল।যেখানে কোনো রকম ভাঙা ছিল না।আগের রাস্তা দিয়ে দিনে হাজার হাজার পাথর, বালি ভর্তি লোড ট্রাক চলাচল করছে।তখন তো রাস্তার কোনো ক্ষতি হই নাই।এভাবে টাকা খরচ করে নষ্ট ছাড়া আর কিছু হতে পারে না। স্যার আমাদের প্রয়োজন দুই লেন এর রাস্তা।অনেক বার মাপা মাপিও হয়েছে। অনেক টাকা খরচও করেছে কিন্তু কাজ শুধু ঐ মাপা মাপি পর্যন্তই শেষ। স্যার আমাদের পঞ্চগড় বাসির কথা ভেবে দোয়া করে রাস্তা টা আগের মত ঠিক করে দিন। মৃদুল হাসান ( আইডি-১১৫৬৪) | | | | | | অভিযোগটির বিষয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ পঞ্চগড় হতে ব্যাখ্যা পাওয়া গিয়েছে যা নিম্নরূপঃ<br><br>পঞ্চগড় সড়ক বিভাগ এর আওতাধীন ঢাকা(মিরপুর)উথলী-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর-বগুড়া-রংপুর-বেলডাঙ্গা-বাংলাবান্ধা (এন-৫) এর চেইনেজ ৪৭৬তম (অং) (৪৭৫+৫৭০) কিঃমিঃ হতে ৫২৫তম (৫২৫+০০০) কিঃমিঃ মোট ৪৯.৪৩ কিলোমিটার সড়ক PMP (Major-Road) এর আওতায় DBST দ্বারা সংস্কার করা হয়। সড়কটি ২০১২-২০১৩ অর্থ বৎসরে RNIMP-II প্রকল্পের আওতায় সড়কটি উন্নয়ন করা হয়। এর পর দীর্ঘসময় সড়কটিতে কোন সংস্কার কাজ সম্পাদান করা হয়নি। বিভিন্ন প্রকার ট্রাকে ওভারলোড পাথর বালি ও রেলওয়ে স্লিপার নিয়ে চলাচলের কারণে সড়ক সার্ফেসে বিভিন্ন প্রকারের ফাটল দেখা দেওয়ায় সড়কের স্থায়িত্ব বৃদ্ধির জন্য DBST পদ্ধতিতে সংস্কার করা হয়। পূর্বে সড়কের সার্ফেস মসৃণ ছিল, DBST দ্বারা সড়কটি সংস্কারের ফলে সড়কের সার্ফেস কিছুটা Rough হয়েছে। কিছুদিন অতিবাহিত হওয়ার সাথে সড়কটির সার্ফেস তুলনামুলক মসৃণ হয়ে যাবে। DBST পদ্ধতিতে সংস্কারের সড়কটির স্থায়িত্ব বৃদ্ধি পাবে। এছাড়া DBST দ্বারা সংস্কার ব্যয় সাশ্রয়ী। মাত্রাতিরিক্ত গতি |

২/৩

| মাস ও তারিখ | অভিযোগের সংখ্যা | | | মোট | অভিযোগের ধরণ | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্রযোগে কার্যালয়ে প্রাপ্ত | অনলাইনে কার্যালয়ে প্রাপ্ত | মন্ত্রণালয়ের ওয়েবসাইটে | | | | সওজ | বিআরটিএ | BRTC | DTCA | |
| | | | | | | | | | | | এবং অসচেতনের কারণে সড়কে কিছু দুর্ঘটনা ঘটেছিল।<br><br>উল্লেখ্য যে, রংপুর সড়ক জোন এর জাতীয় মহাসড়কগুলোতে SBST/DBST ব্যয় সাশ্রয়ী এবং কার্যকর মেরামত পদ্ধতি হিসেবে কারিগরিভাবে প্রমাণিত। উপরোক্ত ব্যাখ্যার আলোকে অভিযোগটি নিষ্পত্তি করা যেতে পারে। |
| ১৭/০৮/২০২৩ | | | | | | | | | | | |
| মোট= | - | - | ৬ | ৬ | - | ৪ | - | | | | - |

মোঃ মাহবুব আলম
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), সওজ
তদন্ত বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ জাহাংগীর আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী(চঃদাঃ), সওজ
প্রশাসন ও সংস্থাপন সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

সৈয়দ মঈনুল হাসান
প্রধান প্রকৌশলী(চলতি দায়িত্ব)
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।